গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ট্যারিফ কমিশন
সেগুনবাগিচা, ঢাকা।
www.btc.gov.bd

**বাংলাদেশ ট্যারিফ কমিশনের জানুয়ারি ২০১৯ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব জ্যোতির্ময় দত্ত
চেয়ারম্যান, বাংলাদেশ ট্যারিফ কমিশন।

সভার তারিখ ও সময় : ২৯ জানুয়ারি ২০১৯, বেলা ১১.০০ ঘটিকা।

সভারস্থান : কমিশনের সভাকক্ষ।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হয়েছে।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয়। সভাপতি বিগত ২৬ ডিসেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ওপর সকলকে মতামত প্রদানের আহ্বান জানান। চেয়ারম্যান মহোদয় বলেন, ডিসেম্বর মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর ২য় পৃষ্ঠা ১.৭ (পেনশন স্কীম) এর ৩য় ও ৪র্থ লাইনে 'বিভাগের' পরিবর্তে **'বিভাগে'** প্রতিস্থাপিত, ৬ষ্ঠ লাইনে 'অর্থ মন্ত্রী' এর পূর্বে **'মাননীয়'** শব্দ সংযোজন হবে। এছাড়া ১.১০ এর ২য় লাইনে 'করেছেন' এর স্থলে **'করেছে,'** ৩য় লাইনে 'করবেন' এর স্থলে **'করবে'** প্রতিস্থাপিত হবে। ৩য় পৃষ্ঠা ১.১৬ এর ৪র্থ লাইনে 'রিভিউ কমিটির নিয়মিত কার্যক্রম অব্যাহত ওয়েব সাইট হালনাগাদ রাখতে হবে' এর পরিবর্তে **'রিভিউ কমিটির নিয়মিত কার্যক্রম অব্যাহত ও ওয়েবসাইট হালনাগাদ রাখতে হবে'** প্রতিস্থাপিত হবে। ৪র্থ পৃষ্ঠা ২.৪ ও ২.৫ এর ৩য় লাইনে, ২.৬ ও ২.৭ এর ২য় লাইনে, ২.৮ ও ২.১০ এর ৩য় লাইনে 'সময়ের' পরিবর্তে **'সময়ে'** শব্দটি প্রতিস্থাপিত হবে। ৪র্থ পৃষ্ঠা ৩.১ এর ২য় লাইনে মাসের সপ্তাহের পরিবর্তে মাসের **১ম সপ্তাহে** প্রতিস্থাপিত হবে। ৫ম পৃষ্ঠায় ৩.২ এর ৫ম লাইনে 'আগামী' শব্দের পরিবর্তে **'গত'**, ৩.৯ এর ১ম লাইনে 'আগামী' স্থলে **'গত'** শব্দটি সংযোজিত হবে। ৬ষ্ঠ পৃষ্ঠার ৩.১২. এর ২য় লাইনে 'বিষয়ে বিষয়ে' এর পরিবর্তে **'বিষয়ে'**, ৪.৪ এর ৪র্থ লাইনে, ৪.৫ এর ৩য় লাইনে এবং ৭ম পৃষ্ঠার ৪.৬ এর ৪র্থ লাইনে নিষ্পন্ন এর সাথে **'সম্পন্ন'** শব্দটি বাদ যাবে। আর কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতভাবে দৃঢ় (Confirm) করা হয়। সভাপতির অনুমতিক্রমে কমিশনের সচিব ডিসেম্বর ২০১৮ মাসের সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি উপস্থাপন করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুসারে নিম্নবর্ণিত বিষয়সমূহের ওপর বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

**১. প্রশাসন উইং এর কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ :**

**১.১. প্রাপ্ত পত্র নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদি:** আলোচনায় জানানো হয় যে, ডিসেম্বর ২০১৮ মাসে ১০৪টি পত্র কমিশনে পাওয়া যায় এবং সমসংখ্যক পত্র নিষ্পত্তি হয়েছে। প্রাপ্ত পত্রাদি সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নিষ্পন্ন করা হচ্ছে। প্রাপ্ত পত্রের নিষ্পত্তির ধারা অব্যাহত আছে। **যে সকল পত্রাদি ০৭ দিন, ১৫দিন এবং ৩০ দিনের অধিক সময়ের জন্য পেন্ডিং থাকবে তা সভার কার্যপত্রে উল্লেখ করতে হবে।**

**১.২. প্রশিক্ষণ** (অভ্যন্তরীণ)/সেমিনার/কর্মশালা সংক্রান্ত তথ্য): আলোচনায় জানানো হয় যে, ডিসেম্বর ২০১৮ মাসে কমিশনের ১০৪ জন কর্মকর্তা/কর্মচারি বিভিন্ন প্রশিক্ষণ/কর্মশালায় অংশগ্রহণ করেছেন।

**১.৩. প্রশিক্ষণ (আন্তর্জাতিক)/সেমিনার/কর্মশালা সংক্রান্ত তথ্য:** আলোচনায় জানানো হয় যে, ডিসেম্বর ২০১৮ মাসে কমিশনের কোন কর্মকর্তা বৈদেশিক প্রশিক্ষণ, সেমিনার বা কর্মশালায় অংশগ্রহণ করেননি।

**১.৪. বৈদেশিক ভ্রমণ প্রতিবেদন:** আলোচনায় জানানো হয় যে, বিদেশ ভ্রমণকারী কর্মকর্তাগণ ভ্রমণ শেষে বিদেশ ভ্রমণের প্রতিবেদন অর্জিত অভিজ্ঞতা, সংশ্লিষ্ট দেশের প্রোফাইল, দর্শনীয় স্থানের দৃশ্য ও বর্ণনা উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত আছে। ডিসেম্বর ২০১৮ মাসে কমিশনের কোন কর্মকর্তা বৈদেশিক প্রশিক্ষণ, সেমিনার বা কর্মশালায় অংশগ্রহণ করেননি।

| বিষয়, আলোচনাও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ১.৫. অডিট আপত্তি নিষ্পত্তি: | |
| আলোচনায় জানানো হয় যে, কমিশনের অনিষ্পন্ন অডিট আপত্তি ০২টি। জড়িত অর্থের পরিমাণ ৩৯.৫৭ লক্ষ টাকা। ০১টি অডিট আপত্তি পুনঃ ব্রডশীট জবাবের প্রেক্ষিতে বাণিজ্য মন্ত্রণালয় বাণিজ্যিক অডিট অধিদপ্তর বার্ষিক ক্রয় পরিকল্পনা ও ইজিপিতে ক্রয়ের প্রমাণক পুনরায় প্রেরণের জন্য ২৪-১২-২০১৮ তারিখে অনুরোধ জানিয়েছে। অন্য আপত্তির সাথে জড়িত ৩টি প্রতিষ্ঠানের মধ্যে একটি প্রতিষ্ঠানের নিকট হতে অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা হয়েছে। বাকী দু'টির নিকট হতে অর্থ আদায়ের বিষয়টি প্রক্রিয়াধীন। অডিট আপত্তিগুলো নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সচিব ও হিসাব রক্ষণ কর্মকর্তা |

| বিষয়, আলোচনাও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| **১.৬. পেনশন স্কীম:** | |
| কমিশন কর্তৃক প্রণীত বাংলাদেশ ট্যারিফ কমিশন কর্মচারি (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা, ২০১৮ এর খসড়া অনুমোদনের জন্য ৩০ জানুয়ারি ২০১৮ তারিখ অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়। ইহার অগ্রগতি জানার জন্য বাণিজ্য মন্ত্রণালয় হতে ০২ অক্টোবর ২০১৮ তারিখ অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়। উল্লেখ্য যে, পেনশন স্কীম চালুর জন্য প্রাথমিক পর্যায়ে সরকারের নিকট হতে (Endowment Fund) হিসেবে এককালীন ২০ (বিশ) কোটি টাকা বরাদ্দের বিষয়ে মাননীয় বাণিজ্য মন্ত্রী কর্তৃক মাননীয় অর্থ মন্ত্রী বরাবর ডি.ও. পত্র প্রেরণ করা হয়। তদপ্রেক্ষিতে ১৮ ডিসেম্বর ২০১৮ তারিখে অর্থ বিভাগ হতে জানানো হয় কমিশনের কর্মচারীগণের জন্য পেনশন স্কীম প্রর্বতনের বিষয়ে প্রেরিত প্রস্তাবটি অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অনুবিভাগ থেকে নিষ্পত্তির পূর্বে এ খাতে এককালীন ২০ (বিশ) কোটি টাকা বরাদ্দ প্রদানের সুযোগ নেই। **অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অনুবিভাগে যোগাযোগ করে বিষয়টি সম্পর্কে চেয়ারম্যান মহোদয়কে অবহিত করতে হবে।** | সচিব ও সংশ্লিষ্ট কর্মকর্তা |
| **১.৭. বিভাগীয় মামলা:** | |
| কমিশনে বর্তমানে বিভাগীয় কোন মামলা রুজুকৃত নেই। | সচিব |
| **১.৮. শাখা পরিদর্শন:** | |
| ডিসেম্বর ২০১৮ মাসে কমিশনের বিভিন্ন শাখা/বিভাগ হতে পরিদর্শন সংক্রান্ত কোন প্রতিবেদন পাওয়া যায়নি। **সংশ্লিষ্ট সকল কর্মকর্তা সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর নির্দেশনা মোতাবেক শাখা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবেন।** | সংশ্লিষ্ট কর্মকর্তাগণ |
| **১.৯. কমিশনের বাৎসরিক সময়াবদ্ধ কর্মপঞ্জি প্রণয়ন:** | |
| কমিশনের ৩টি ফাংশনাল বিভাগ ২০১৮-১৯ অর্থ বছরের APA এর প্রমাপ অনুযায়ী কার্যাবলীর বাৎসরিক সময়াবদ্ধ কর্মপঞ্জি প্রণয়ন করেছে। **সময়াবদ্ধ কর্মপঞ্জি অনুযায়ী ফাংশনাল বিভাগ APA বাস্তবায়ন করবে।** | ফাংশনাল বিভাগ |
| **১.১০. জার্নাল ও বার্ষিক প্রতিবেদন প্রকাশনা :** | |
| কমিশনের ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। ১১ অক্টোবর ২০১৮ তারিখে ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে। একই তারিখে মুদ্রণ ও বাঁধাইয়ের লক্ষ্যে প্রতিবেদনটি বিজি প্রেসে প্রেরণ করা হয়েছে। বিজি প্রেস হতে বিল পাওয়া গেছে। **এ সপ্তাহের মধ্যে বিল পরিশোধ করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।** | পিআর এন্ড পিও |
| **১.১১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন:** | |
| APA এর প্রমাপ অনুযায়ী ২য় প্রতিবেদন তৈরি করে ১০ জানুয়ারি ২০১৯ তারিখে বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | APA বাস্তবায়ন টিম ও সচিব |
| **১.১২. জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) প্রণয়ন ও বাস্তবায়ন:** | |
| জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) এর ২য় ত্রৈমাসিক প্রতিবেদন তৈরি করে ১০ জানুয়ারি ২০১৯ তারিখে বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | NIS বাস্তবায়ন টিম ও সচিব |
| **১.১৩. জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) নীতিমালা-২০১৮ বাস্তবায়ন:** | |
| কমিশনে ICT নীতিমালা, ২০১৫ অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বর্তমানে ICT নীতিমালা, ২০১৮ ইতোমধ্যে জারি হয়েছে। ICT নীতিমাল বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভাপতি ড. মোঃ আব্দুস ছালাম, যুগ্মপ্রধান এর নেতৃত্বে সভা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। **ICT বিষয়ক নির্ধারিত লক্ষমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলে কার্যক্রম চলমান রাখবে।** | সংশ্লিষ্ট কমিটি ও সিস্টেম এনালিস্ট |

| বিষয়, আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ১.১৪. উদ্ভাবনী ধারণা সম্পর্কিত: | |
| ইনোভেশন্ সংক্রান্ত ২০১৮-১৯ অর্থ বছরের কর্মপরিকল্পনা প্রণয়ণ করা হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী কমিটির কার্যক্রম চলছে। নিয়মিত সভা অনুষ্ঠিত হচ্ছে। **কর্মপরিকল্পনা অনুযায়ী কমিটির কার্যক্রম চলমান রাখবেন।** | ড. মোহা. আব্দুস ছালাম ও প্রশাসন উইং |
| **১.১৫.কমিশনের বিরুদ্ধে চলমান মামলা সংক্রান্ত:** | |
| (১) গাড়ি চালক জনাব মোঃ বাবুল হোসেন তার বিরুদ্ধে বিভাগীয় মামলার আদেশে সংক্ষুব্ধ হয়ে প্রশাসনিক ট্রাইবুনাল-১ এ নং-৮৬/২০১৮ মামলা দায়ের করেন। উক্ত মামলার শুনানী ২০ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ অনুষ্ঠিত হবে। এছাড়া কমিশনের সহকারী প্রধান পদে চলতি দায়িত্বে নিয়োজিত মোঃ ময়েন উদ্দিন মোল্লা (মূল পদ গ্রন্থাগারিক) কমিশনের ১৩৫তম কমিশন সভার ০৩ নং সিদ্ধান্তে সংক্ষুব্ধ হয়ে প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ এ মামলা নং-২৩৫/২০১৮ দায়ের করেন। উক্ত মামলার শুনানী ০৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ অনুষ্ঠিত হবে। **কমিশনের সদস্য শাহ মোঃ আবু রায়হান আলবেরুনী পূর্বের ন্যায় মামলার বিষয়ে তদারকি করবেন।** | প্রশাসন উইং |
| **১.১৬.ওয়েবসাইট এর তথ্যাদি নিয়মিত হালনাগাদকরণ:** | |
| কমিশনের ওয়েবসাইটের তথ্যাদি নিয়মিত হালনাগাদকরণের কাজ চলমান। গুরুত্বপূর্ণ তথ্যাদি ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। কমিশন কর্তৃক গঠিত ওয়েবসাইট হালনাগাদকরণ সংক্রান্ত রিভিউ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে এবং গৃহীত সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম অব্যাহত আছে। ওয়েবসাইট এ কর্মকর্তাগণের সদ্য তোলা ছবি না থাকায় বাস্তবতার সাথে তার মিল পাওয়া যাচ্ছে না বিধায় ওয়েবসাইট এ কর্মকর্তাগণের সদ্য তোলা ছবি সংযোজন করা প্রয়োজন। **সদ্য তোলা ছবি ওয়েবসাইট এ আপলোড করার জন্য কর্মকর্তাগণ সিস্টেম এনালিষ্টকে সরবরাহ করবেন। রিভিউ কমিটির নিয়মিত কার্যক্রম অব্যাহত ও ওয়েবসাইট হালনাগাদ রাখতে হবে।** | ওয়েবসাইট রিভিউ কমিটি |
| ১.১৭.দাপ্তরিক ই-মেইলের ব্যবহার: | |
| কমিশনের সকল কর্মকর্তা অফিসিয়াল ই-মেইল আইডি ব্যবহার করছেন। সভার নোটিশ ও কার্যবিবরণীসমূহ অফিসিয়াল ই-মেইলে প্রেরণ করা হচ্ছে। **অফিসিয়াল ই-মেইল আইডি ব্যবহার এবং সভার নোটিশ ও কার্যবিবরণী সমূহ অফিসিয়াল ই-মেইল এর মাধ্যমে প্রেরণ অব্যাহত রাখতে হবে। কর্মকর্তাদের নামের বিপরীতে অফিসিয়াল ই-মেইল আইডি খোলার উদ্যোগ নেবেন। প্রয়োজনে সবার পাসওয়ার্ড নতুন করে প্রদান করতে হবে।** | সিস্টেম এনালিস্ট |
| ১.১৮.ই-টেন্ডারিং: | |
| ২০১৮-১৯ অর্থ বছরে কমিশনের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে। **ই-টেন্ডারিং পরিকল্পনা অনুযায়ী কমিশনের দ্রব্যাদির ক্রয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।** | সচিব ও সিস্টেম এনালিস্ট। |
| ১.১৯.ই-ফাইলিং এর ব্যবহার: | |
| প্রত্যেকটি ই-ফাইল নিষ্পত্তির পর ইহার নোটশীট ও পত্রাদি হার্ডফাইলে সংরক্ষণ করা হচ্ছে। তাছাড়া a2i এর সাথে যোগাযোগ করে সমস্যা সমাধানের কার্যক্রম গ্রহণসহ দাপ্তরিক কাজে ই-ফাইলিং এর কার্যক্রম বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। **ই-ফাইলের মাধ্যমে মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ করতে হবে।** | সিস্টেম এনালিস্ট। |

২। আন্তর্জাতিক সহযোগিতা বিভাগ:

| বিষয়, আলোচনাও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ২.১. আলোচনা জানানো হয় যে, Non Agricultural Market Access (NAMA) এবং WTO Rules বিষয়ে গত ১৩মে ২০১৮ তারিখে বাংলাদেশ ট্যারিফ কমিশনে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে ৮টি সাব গ্রুপ গঠিত হয়। শুধুমাত্র ট্যারিফ সংক্রান্ত সাব গ্রুপ ব্যতীত অন্যান্য রুলস অফ অরিজিন,স্পেশাল ও ডিফারেন্সিয়াল ট্রিটমেন্ট, ফিসারিজ সাবসিডি, RTA, WTO Rules, নন-ট্যারিফ ব্যারিয়ার এবং ট্রিমস সংক্রান্ত সাব গ্রুপের একটি করে সভা অনুষ্ঠিত হয়েছে। **আগামী এক সপ্তাহের মধ্যে ট্যারিফ সাব গ্রুপের আহ্বায়ক জাতীয় রাজস্ব বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করে এ গ্রুপের সদস্য সচিবকে সভা আহ্বান করতে হবে।** | সদস্য (আস) ও সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ২.২. বাংলাদেশ যুক্তরাষ্ট্রের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তির সম্ভাব্যতা যাচাই সংক্রান্ত প্রতিবেদন প্রেরণের বিষয়ে একটি প্রাথমিক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। পূর্ণাঙ্গ প্রতিবেদন আগামী সপ্তাহে উপস্থাপন করা হবে। **ফেব্রুয়ারি মাসের ১ম সপ্তাহের মধ্যে খসড়া প্রতিবেদন উপস্থাপন করতে হবে।** | ঐ |
| ২.৩ .বাংলাদেশ থাইল্যান্ড মুক্ত বাণিজ্য চুক্তি সম্পাদনের সম্ভাব্যতা যাচাই সংক্রান্ত প্রতিবেদন প্রণয়নের জন্য তথ্য উপাত্ত সংগ্রহ করে খসড়া প্রতিবেদন প্রস্তুতের কাজ চলছে। **মার্চ মাসের মধ্যে খসড়া প্রতিবেদন উপস্থাপন করতে হবে।** | ঐ |
| ২.৪. Leather Industries in Bangladesh: Post Graduation Challenges and Way forward শীর্ষক সমীক্ষা প্রণয়নের নিমিত্ত প্রশ্নমালাসহ গবেষণা প্রস্তাব প্রণয়ন করা হয়েছে। এ বিষয়ে গত ২১-০১-২০১৯ তারিখে বাংলাদেশ লেদার গুডস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশনে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। ইতোমধ্যে সংশ্লিষ্ট উৎপাদক পর্যায়ে প্রশ্নমালার মাধ্যমে তথ্য সংগ্রহের জন্য জরিপকারি প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্ত প্রশাসন শাখায় চাহিদাপত্র প্রেরণ করা হয়েছে। **এপ্রিল মাসের মধ্যে সমীক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে।** | ঐ |
| ২.৫. Product and Market Diversification in Export Trade of Bangladesh: Challenges and Pathways শীর্ষক সমীক্ষা প্রণয়নের নিমিত্ত প্রশ্নমালাসহ গবেষণা প্রস্তাব প্রণয়ন করা হয়েছে। ইতোমধ্যে বিভিন্ন বাণিজ্য সংগঠনগুলোর নিকট প্রশ্নমালা প্রেরণ করা হয়েছে এবং সংশ্লিষ্ট উৎপাদক পর্যায়ে প্রশ্নমালার মাধ্যমে তথ্য সংগ্রহের জন্য জরিপকারি প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্তে প্রশাসন শাখায় চাহিদাপত্র প্রেরণ করা হয়েছে। **এ বিষয়ে চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।** | ঐ |
| ২.৬. বাংলাদেশের সাথে Mercosur এর FTA করার জন্য ফিজিবিলিটি স্টাডি প্রতিবেদন খসড়া প্রণয়ন করে উপস্থাপন করা হয়েছে। **যৌক্তিক সময়ের মধ্যে সমীক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে।** | ঐ |
| ২.৭. মিয়ানমার কর্তৃক বাংলাদেশ মিয়ানমার PTA এর খসড়ার উপর মতামত প্রণয়নের কাজ চলছে। **ফেব্রুয়ারি মাসের মধ্যে প্রতিবেদন প্রেরণ করতে হবে।** | ঐ |
| ২.৮. বাংলাদেশ ও ভারতের মধ্যে Comprehensive Economic Partnership Agreement (CEPA) এর সম্ভাব্যতা যাচাই সংক্রান্ত কার্যাদির বিষয়ে তথ্য, উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণের কাজ চলছে। **মার্চ মাসের মধ্যে খসড়া প্রতিবেদন উপস্থাপন করতে হবে।** | ঐ |
| ২.৯. বিমসটেক-এর আওতায় বাংলাদেশের সিডিউল অব ট্যারিফ কনসেশন এর HS 2017 version প্রস্তুতকরণের কার্যক্রম অব্যাহত আছে। **চাহিত মতে প্রতিবেদন প্রেরণ করতে হবে।** | ঐ |
| ২.১০. অর্থনৈতিক কাঠামো রূপান্তরের লক্ষ্যে সংশ্লিষ্ট বিভিন্ন আইনের সংশোধন/পরিমার্জনে মতামত প্রদানের কার্যক্রম অব্যাহত আছে। **চাহিত মতে প্রতিবেদন প্রেরণ করতে হবে।** | ঐ |
| ২.১১. সমুদ্রে প্লাষ্টিক দূষণ বন্ধের লক্ষ্যে Commonwealth Clean Ocean Alliance (CCOA) জোটে বাংলাদেশের অংশগ্রহণের বিষয়ে মতামত প্রদানের কাজটি প্রাথমিক অবস্থায় রয়েছে। **চাহিত মতে প্রতিবেদন প্রেরণ করতে হবে।** | ঐ |
| ২.১২. বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্র-এর উর্ধ্বতন কর্মকর্তা পর্যায়ের বৈঠকের জন্য ইনপুট প্রণয়ন করে খসড়া আকারে উপস্থাপন করা হয়েছে। **চাহিত মতে প্রতিবেদন প্রেরণ করতে হবে।** | ঐ |
| ২.১৩. ইন্দোনেশিয়া-বাংলাদেশ-এর TNC এর ১ম সভায় অংগ্রহনের লক্ষ্যে Request List এবং Sensitive List/Negative List প্রণয়ন সংক্রান্ত কার্যাদি। খসড়া তালিকা এবং অবস্থান করে প্রনয়ন করে ফেব্রুয়ারি মাসের মধ্যে সম্পন্ন করতে হবে । | ঐ |
| ২.১৪. বাংলাদেশ চীন মুক্ত বাণিজ্য সম্ভাব্যতা যাচাই সংক্রান্ত যৌথ সমীক্ষায় বাংলাদেশ কর্তৃক প্রণীত অংশ প্রস্তুত করার নিমিত্ত প্রতিবেদন প্রণয়নের কাজ চলছে। ফেব্রুয়ারি মাসের মধ্যে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ঐ |

-৪১৫-

৩. বাণিজ্য প্রতিবিধান বিভাগ:

| বিষয়, আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ৩.১. আলোচনায় জানানো হয় যে, এন্টি-ডাম্পিং,কাউন্টারভেইলিং, সেইফগার্ড সংক্রান্ত সচেতনতা সেমিনার গত ১২ নভেম্বর ২০১৮ তারিখে বগুড়ায় প্রথম সেমিনারটি অনুষ্ঠিত হয়েছে। ভারত ও পাকিস্তানের এন্টি-ডাম্পিং কর্তৃপক্ষের জারীকৃত চূড়ান্ত প্রতিবেদনসমূহ পর্যালোচনাসহ পরবর্তী পদক্ষেপ গ্রহণের সুনির্দিষ্ট সুপারিশ প্রণয়নের লক্ষ্যে এ সকল বিষয়ে দ্বিতীয় সেমিনারটি আগামী মার্চ ২০১৯ এ আয়োজন করা হবে। **APA এর প্রমাপ অনুযায়ী প্রশিক্ষণের আয়োজন অব্যাহত রাখতে হবে।** | সদস্য (বাপ্র) |
| ৩.২. এন্টি-ডাম্পিং, কাউন্টারভেইলিং, সেইফগার্ড সংক্রান্ত সচেতনতা প্রশিক্ষণের কর্মপঞ্জি অনুযায়ী প্রশিক্ষণ কর্মসূচীর ১ম টি ২৪ অক্টোবর ও ২য় টি ২৩ ডিসেম্বর ২০১৮ তারিখে কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। পরবর্তিতে উচ্চহারে সম্পূরক শুল্ক আরোপিত অন্যান্য পণ্যের উৎপাদকদের নিয়ে তৃতীয় প্রশিক্ষণ আগামী মার্চ ২০১৯ এ আয়োজন করা হবে। **APA এর প্রমাপ অনুযায়ী প্রশিক্ষণের আয়োজন অব্যাহত রাখতে হবে।** | ঐ |
| ৩.৩. Procedural and substantive issues of Anti-dumping duties সংক্রান্ত ম্যানুয়েল প্রস্তুতকরণের কার্যক্রম কর্মপঞ্জি অনুযায়ী শুরু হয়েছে। **APA এর প্রমাপ অনুযায়ী ম্যানুয়েল প্রস্তুতকরণের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।** | ঐ |
| ৩.৪. বাংলাদেশ হতে আমদানীকৃত হাইড্রোজেন পারঅক্সাইডের ওপর পাকিস্তান কর্তৃক এন্টি-ডাম্পিং শুল্ক আরোপ করেছে। এ বিষয়ে পাকিস্তানের আপীলাত ট্রাইব্যুনালে আপীলের শুনানী চলমান রয়েছে। সামুদা কেমিক্যাল বিশ্ব বাণিজ্য সংস্থায় বিষয়টি উপস্থাপনের জন্য বাণিজ্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করেছে। **কেসটি নিয়মিত মনিটরিং করতে হবে।** | ঐ |
| ৩.৫. ভারত সরকার কর্তৃক বাংলাদেশ হতে আমদানীকৃত হাইড্রোজেন পার-অক্সাইডের ওপর এন্টি-ডাম্পিং শুল্ক আরোপ করেছে। সামুদা কেমিক্যাল বিশ্ব বাণিজ্য সংস্থায় বিষয়টি উপস্থাপনের জন্য বাণিজ্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করেছে। **বিষয়টি নিয়মিত মনিটরিং করতে হবে।** | ঐ |
| ৩.৬. আলোচনায় জানানো হয় যে, ভারত সরকার কর্তৃক বাংলাদেশ হতে পাটপণ্য আমদানির ওপর এন্টি-ডাম্পিং শুল্ক আরোপ করেছে। মার্চ ২০১৯ মাসে সেমিনার অনুষ্ঠানের পর এ বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হবে। **বিষয়টি নিয়মিত মনিটরিং করতে হবে।** | ঐ |
| ৩.৭. বাংলাদেশ হতে রপ্তানিকৃত সিনথেটিক সূতা (Yarn/Thread of Synthetic Staple Fiber) এর ওপর তুরস্ক কর্তৃক এন্টি-ডাম্পিং মেজার্সের সারকামভেনশন তদন্ত শুরু করে। গত ১৬ অক্টোবর ২০১৮ তারিখে অফিসিয়াল গেজেট নোটিফিকেশনের মাধ্যমে বাংলাদেশ হতে আমদানীকৃত সিনথেটিক ইয়ার্ণ/ফাইবার এর ওপর এন্টি-ডাম্পিং শুল্কের এন্টি-সারকামভেনশন তদন্ত সম্পন্ন করে প্রতি কেজি সিনথেটিক ইয়ার্ণ/ফাইবার আমদানির ওপর তুরস্ক সরকার ০.৮০ ডলার শুল্ক আরোপ করেছে। বাংলাদেশের রপ্তানিকারক ওয়ালমার্ট এর ওপর শুল্ক আরোপ হয়নি। **বিষয়টি নিয়মিত মনিটরিং করতে হবে।** | ঐ |
| ৩.৮. বাংলাদেশ হতে আমদানীকৃত জুট সেকিং ক্লথের ওপর ভারত সরকার কর্তৃক এন্টি-সারকামভেনশন তদন্ত বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম ২৬-৩০ জানুয়ারি ২০১৯ তারিখ ভারতীয় কর্তৃপক্ষের কর্মকর্তাবৃন্দ বাংলাদেশের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের তথ্যাদি স্পট ভেরিফিকেশন করেন। **বিষয়টি নিয়মিত মনিটরিং করতে হবে।** | ঐ |

| বিষয়, আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ৩.৯. নিউ শিপার রিভিউ (New Shipper Review) সংক্রান্ত বিষয়ে গত ৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখে জনতা জুট্ মিলস লিঃ এর আবেদনের ওপর নয়াদিল্লীতে শুনানি অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশের Natural Jute Mills Limited representing WTC প্রতিষ্ঠান ভারতের কর্তৃপক্ষের নিকট নিউ শিপার রিভিউ আবেদনের প্রেক্ষিতে ভারতের কর্তৃপক্ষ আগামী ১৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ বিকাল ৩:০০ ঘটিকায় ভারতের নয়াদিল্লীতে ডিজিটিআর এর কার্যালয়ে মৌখিক শুনানির আয়োজন করেছে। এ বিষয়ে সংশ্লিষ্ট স্টেক হোল্ডারদের পত্র মারফত জানিয়ে দেয়া হয়েছে। **বিষয়টি নিয়মিত মনিটরিং করতে হবে।** | সদস্য (বাপ্র) |
| ৩.১০. উচ্চপ্রযুক্তি সম্পন্ন স্থানীয় ইলেকট্রিক পণ্য প্রস্তুতকারী শিল্প রক্ষার্থে এইচএস কোড ৮৫২৯.৯০.৪১ এর আওতাভুক্ত পণ্য টেলিভিশনের প্যানেলের ওপর আমদানী পর্যায়ে এন্টি-ডাম্পিং ডিউটি আরোপের বিষয়ে এসোসিয়েশনের পক্ষে ওয়ালটন কর্তৃপক্ষ প্রশ্নমালা পূরণ বিষয়ে দিক নির্দেশনামূলক প্রশিক্ষণ চেয়ে ও সরেজমিনে ফ্যাক্টরি পরিদর্শনের জন্য পত্র প্রদান করলে কমিশনের তিনজন কর্মকর্তা গত ২৯ নভেম্বর প্রশিক্ষণ প্রদান করেছেন। সর্বশেষ অবস্থা জানাতে এসোসিয়েশনকে ১৩ জানুয়ারি ২০১৯ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। **কার্যক্রম অব্যাহত রাখতে হবে।** | ঐ |
| ৩.১১. স্থানীয় ইলেকট্রিক পণ্য প্রস্তুতকারী শিল্পরক্ষার্থে কতিপয় এইচএস কোড ৮৫৩৬.৫০.০০, ৮৫৩৬.৬১.০০, ৮৫৩৬.৬৯.০০, ৮৫৩৮.৯০.১০ এবং ৮৫৩৮.৯০.৯০ সমূহের আওতাভুক্ত পণ্যসমূহ সুইচ, সকেট, লাম্প হোল্ডার এবং এতদসমূহ যন্ত্রাংশের ওপরে আমদানি পর্যায়ে এন্টি-ডাম্পিং ডিউটি আরোপের বিষয়ে এসোসিয়েশনের পক্ষে ওয়ালটন কর্তৃপক্ষ প্রশ্নমালা পূরণ বিষয়ে দিক নির্দেশনামূলক প্রশিক্ষণ চেয়ে ও সরেজমিনে ফ্যাক্টরি পরিদর্শনের জন্য পত্র প্রদান করলে কমিশনের তিনজন কর্মকর্তা গত ২৯ নভেম্বর প্রশিক্ষণ প্রদান করেছেন। সর্বশেষ অবস্থা জানাতে এসোসিয়েশনকে ১৩ জানুয়ারি ২০১৯ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। **কার্যক্রম অব্যাহত রাখতে হবে।** | ঐ |
| ৩.১২. বাংলাদেশ হতে আমদানিকৃত স্টিল পণ্যের ওপর কানাডিয়ান সরকার কর্তৃক সেইফগার্ড তদন্তের বিষয়ে গত ২৫ ও ৩০ অক্টোবর ২০১৮ তারিখে স্টেকহোল্ডারদের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য পত্র দেয়া হয়েছে এবং বাংলাদেশের রপ্তানি অবস্থা তুলে ধরে ২৮ অক্টোবর ২০১৮ তারিখে বাণিজ্য মন্ত্রণালয়কে পত্র দেয়া হয়েছে। ১ নভেম্বর ২০১৮ তারিখে বাণিজ্য মন্ত্রণালয়ে এ বিষয়ে সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্তমত কমিশন হতে এ বিষয়ে বাংলাদেশের ওপর প্রভাব বিশ্লেষণপূর্বক প্রতিবেদন মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। **কার্যক্রম অব্যাহত রাখতে হবে।** | ঐ |
| ৩.১৩. স্থানীয়ভাবে উৎপাদিত উচ্চ প্রযুক্তি সম্পন্ন বৈদ্যুতিক ফ্যান প্রস্তুতকারী শিল্প রক্ষার্থে বিভিন্ন প্রকার বৈদ্যুতিক ফ্যান এবং উক্ত পণ্যসমূহের পার্টস আমদানিতে অসাধুতা ও অপর্যাপ্ত মূল্য ঘোষণা রোধকল্পে উপর আমদানি পর্যায়ে এন্টি-ডাম্পিং ডিউটি (Anti-Dumping Duty) আরোপের বিষয়ে বিশ্ব বাণিজ্য সংস্থার নিয়মানুযায়ী এন্টি-ডাম্পিং শুল্ক আরোপের জন্য নির্ধারিত তদন্ত প্রক্রিয়া অনুসরণ করতে হয়। বাংলাদেশ এ সংক্রান্ত এন্টি-ডাম্পিং বিধিমালার অনুচ্ছেদ ৫.২ অনুসারে নির্ভরযোগ্য প্রমাণাদিসহ নির্ধারিত প্রশ্নমালা পূরণ করে প্রেরণের জন্য পত্র প্রেরণের লক্ষ্যে নথি উপস্থাপন করা হয়েছে। **কার্যক্রম অব্যাহত রাখতে হবে।** | |

**৪। বাণিজ্য নীতি বিভাগ :**

| বিষয়, আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ৪.১. Request for Discharging bar from importing all steel made old stock, but new commercial use Non Prohibited Fire arms the restricted list. As per Policy 2015-2018 বিষয়ে এসোসিয়েশনের মাধ্যমে উপস্থাপন করার জন্য আবেদনকারি কিছুটা সময় চেয়েছে। বিষয়টি মনিটরিং করতে হবে। | সদস্য (বানী) ও সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৪.২. সয়াবিন তেলের মূল্য সম্পর্কিত প্রতিবেদনের বিষয়ে তথ্য/উপাত্ত পাওয়া গিয়াছে। কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ঐ |

| বিষয়, আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ৪.৩. মেডিক্যাল/সার্জিক্যাল Instruments and Appliances রপ্তানির বিপরীতে ২০% নগদ সহায়তা প্রদানের আবেদনের বিষয়ে তথ্য/উপাত্ত সংগ্রহের কার্যক্রম চলছে। যৌক্তিক সময়ের মধ্যে বিষয়টি নিস্পন্ন **করতে হবে।** | সদস্য (বানী) ও সংশ্লিষ্ট কর্মকর্তা |

৫. অত্যাবশ্যকীয় পণ্য মনিটরিং সেলের কার্যক্রম সংক্রান্ত:

| গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়নের অগ্রগতি | বাস্তবায়নকারী উইং/ কর্মকর্তা |
|---|---|---|
| পণ্য মনিটরিং কার্যক্রম ধারা অব্যাহত রাখতে হবে। | অত্যাবশ্যকীয় পণ্য মনিটরিং কার্যক্রম জোরদার করা সহ অত্যাবশ্যকীয় দ্রব্য মূল্যের বিষয়ে প্রতিবেদন বাণিজ্য মন্ত্রণালয়ে নিয়মিতভাবে প্রেরণের কার্যক্রম অব্যাহত রয়েছে। অত্যাবশ্যকীয় দ্রব্যমূল্যের বিষয়ে কোন পরিবর্তন পরিলক্ষিত হলে যথাশীঘ্র উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হচ্ছে। প্রদেয় তথ্যের ভিত্তিতে প্রতিবেদন প্রস্তুত করে নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। | জনাব মোঃ মাহমুদুল হাসান, সহকারী প্রধান |

**৬. বিবিধ: (ক) অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS):** বাণিজ্য মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক কমিশনের মাসিক সমন্বয় সভার আলোচ্যসূচিতে বিষয়টি অন্তর্ভুক্ত করে প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে বাণিজ্য মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করা হয়। উল্লেখ্য যে, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) সম্পর্কিত কার্যক্রম সম্পাদনের জন্য কমিশনের আন্তর্জাতিক সহযোগিতা বিভাগ হতে উপপ্রধান জনাব মোঃ মশিউল আলম, বাণিজ্য নীতি বিভাগ হতে উপপ্রধান জনাব মোঃ রকিবুল হাসান এবং বাণিজ্য প্রতিবিধান বিভাগ হতে যুগ্মপ্রধান মিজ রমা দেওয়ানকে অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা (অনিক) এবং আপিল কর্তৃপক্ষ নিয়োগপূর্বক তাদের নাম ও ঠিকানা কমিশনের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। **বর্তমানে ০৩ জন (অনিক) কর্মকর্তার পরিবর্তে ০১ জন (অনিক) নিয়োগপূর্বক তাদের নাম ও ঠিকানা কমিশনের ওয়েবসাইটে আপলোড করতে হবে এবং অভিযোগ প্রাপ্তির সাথে সাথে তা নিস্পত্তি করতে হবে।**

(খ) তথ্য অধিকার আইন বাস্তবায়ন (RTI): বাণিজ্য মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক কমিশনের মাসিক সমন্বয় সভার আলোচ্যসূচিতে বিষয়টি অন্তর্ভুক্ত করে প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে বাণিজ্য মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করা হয়। উল্লেখ্য যে, তথ্য অধিকার বাস্তবায়ন (RTI) সম্পর্কিত কার্যক্রম সম্পাদনের জন্য কমিশনে তথ্য প্রদানকারী কর্মকর্তা, বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা এবং আপিল কর্তৃপক্ষ নিয়োগপূর্বক তাদের নাম ও ঠিকানা কমিশনের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এছাড়া এতদসংক্রান্ত তথ্যের প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে বাণিজ্য মন্ত্রণালয়ে নিয়মিত প্রেরণ করা হয়। **বাণিজ্য মন্ত্রণালয়ের চাহিত মতে প্রতিমাসে এতদ্ সংক্রান্ত তথ্যের প্রতিবেদন প্রেরণ করতে হবে।**

৭. সভায় আর কোনআলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(জ্যোতির্ময় দত্ত)
চেয়ারম্যান
বাংলাদেশ ট্যারিফ কমিশন